

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

তিনি যাকে ইচ্ছা নিজের বিশেষ অনুগ্রহ দান করেন। আর আল্লাহ মহা অনুগ্রহশীল।

সূরা আল ইমরান ৭৪

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

গুয়াদুয়া সিমেন্ট

ইস্রাইলের মজবুত গোড়ায়

কীর্তনখোলা সিমেন্ট

গুয়াদুয়া সিমেন্ট

সেবা : ০২৯১০০৬৬৬৪৪, ০২৭১১০২৭১০৪

বরিশাল ৥ বুধবার ৥ ০৯ সেপ্টেম্বর ২০২৬ ৥ ২৬ রবিঃ আউঃ ১৪৪৮ ৥ ২৬ তাদ্ ১৪৩৩ ৥ ৯ম বর্ষ ৥ ৯৬ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা

ডেঙ্গু প্রতিরোধে শুরু হচ্ছে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান

কীর্তনখোলা ডেক্স

ডেঙ্গু প্রতিরোধে তিন মাসব্যাপী বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কর্মসূচি শুরু হচ্ছে আগামী ২ এর পাতায় দেখুন

অশ্লীল শব্দ প্রয়োগে গালিগালাজ করা অপরাধ: রিজভী

কীর্তনখোলা ডেক্স

রাজনীতিতে অশ্লীল শব্দ প্রয়োগ করে ব্যক্তিগতভাবে গালিগালাজ করা আইনের দৃষ্টিতে অপরাধ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর ২ এর পাতায় দেখুন

সরকার মেধার পরিবর্তে কোটর দিকে খাণ্ডিত হচ্ছে: সংসদে মাসুদ

কীর্তনখোলা ডেক্স

তৃতীয় ও চতুর্থ শ্রেণির নিয়োগে লিখিত ও মৌখিক পরীক্ষায় সমান ৫০-৫০ নম্বর রাখার মাধ্যমে দলীয়করণ ও খেচ্ছাচারিতার ২ এর পাতায় দেখুন

জামায়াতকে 'ইসলামী' দল বলা যায় না: চরমোনাই পীর

কীর্তনখোলা ডেক্স

বাংলাদেশ জামায়াতে ইসলামীকে 'ইসলামী' দল বলা যায় না বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের ২ এর পাতায় দেখুন

ভোলা-বরিশাল সংযোগে দেশের দীর্ঘতম সেতু নির্মাণের পরিকল্পনা

কীর্তনখোলা রিপোর্ট

দীপ জেলা ভোলাকে বরিশালের সঙ্গে যুক্ত করতে তেঁতুলিয়া নদীর ওপর দিয়ে দেশের দীর্ঘতম সেতু নির্মাণের পরিকল্পনা করছে সরকার। ১০ কিলোমিটার দীর্ঘ এই সেতুর ব্যয় ধরা হয়েছে ৯ হাজার ৯২২ কোটি টাকা। যা নির্মাণাধীন পদ্মাসেতুর (৬ দশমিক ১৫ কিলোমিটার) ব্যয়ের প্রায় এক তৃতীয়াংশ। তবে, সেতুটির নকশা চূড়ান্ত হওয়ার পর এই ব্যয় আরও বাড়তে পারে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ) জানিয়েছে, তারা সেতু নির্মাণের জন্য জরিপ করেছে এবং সেতুর সম্ভাব্য স্থান নির্ধারণ করেছে। সেতুটি নির্মিত হলে দক্ষিণের এই দুটি জেলার মধ্যে যাতায়াতে সময় কম লাগবে এবং ভোলা থেকে গ্যাস সরবরাহ করা সহজ হবে। গত ১২ জানুয়ারি পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের সচিব বেলায়েত হোসেন বলেছেন, “আমরা এই সেতু নির্মাণে অর্থায়নকারী খুঁজছি।” তিনি জানান, শীঘ্রই তারা অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে (ইআরডি) চিঠি দিয়ে সেতুর তহবিল সংগ্রহের জন্য অনুরোধ করবেন। তিনি



তৎকালীন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেছিলেন, ভোলার শাহবাজপুর গ্যাস ফেয়ারে প্রায় ৩২ কিলোমিটার উত্তরে ভেদুরিয়া ইউনিয়নে প্রায় ৬০০ বিলিয়ন ঘনফুট গ্যাসের সন্ধান পাওয়া গেছে। তিনি সাংবাদিকদের বলেছিলেন এ ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর নিয়ে ফেসবুকে ভিডিওতে কটাক্ষ থানায় জিডি

জেলা প্রতিনিধি প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে ভোলায় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে কটাক্ষ করার প্রতিবাদে থানায় জিডি করেছে জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সাধারণ সম্পাদক খন্দকার আল আমিন। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বিকেলে তিনি ভোলা মডেল থানায় এই জিডি করেন। সাধারণ ডায়েরিতে ২ জনের নাম উল্লেখ ও ৭ জনকে অজ্ঞাত আদালত করা হয়েছে। এরমধ্যে ভোলা সদর উপজেলার ধনিয়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের আব্দুল জলিলের ছেলে রিফাত (১৯) ও মো. নাছিরের ছেলে মো. মাসুম (১৮)। এসময় খন্দকার আল আমিন বলেন, শুক্রবার ৪ সেপ্টেম্বর সন্ধ্যায় প্রধানমন্ত্রী তারেক রহমান, তার কমা ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে নিয়ে অভিজুতরা ফেসবুকে ভিডিওতে অশ্লীল ভাষায় গালমন্দ করেন। যা কখনই ২ এর পাতায় দেখুন



বরিশালে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত অতিথিবৃন্দ - কীর্তনখোলা

বরিশাল মেডিকেলের শিক্ষা সফরের বাস খাদে, শিক্ষার্থীসহ আহত ২৬

কীর্তনখোলা রিপোর্ট

কক্সবাজারে শিক্ষা সফরে যাওয়ার পথে কুমিল্লার দাউদকান্দিতে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজের বাস খাদে পড়ে ২৬ জন আহত হয়েছে। মঙ্গলবার ভোর সাড়ে ৪টার দিকে দাউদকান্দির

শত শত শিক্ষকের শিক্ষক, সাক্ষরতা বাস্তবায়ন ও ব্যাকরণিক বরিশাল সরকারি ব্রাহ্মণ উচ্চমাধ্যমিক কলেজ, বাংলা বিজ্ঞানের সাক্ষরতা দিবসে আলোচনা সভায় অংশগ্রহণ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রোগ্রামের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পদীক্ষক, সরকারি আশেপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা

সদর চৌক, বরিশাল

01932-314219

ইসলামিয়া লাইব্রেরি

কলিকাতা, লব চৌক, বরিশাল

01711-264963

অংকুর লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01708-868515

অংকুর লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01708-868514

খন্দকার লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01711-47767

নিউ মাহবুব লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01763-107720

রহমান বুক হাউজ

সদর চৌক, বরিশাল

01718-670945

মজুমদার লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01716-139268

অমৃত লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01719-408049

নিউ কলেজ লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01726-074663

হুক লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01724-851658

আশরাফিয়া লাইব্রেরি

সদর চৌক, বরিশাল

01717-488083

ডেঙ্গুতে বহুরের সর্বোচ্চ মৃত্যু ও হাসপাতালে ভর্তির রেকর্ড

কীর্তনখোলা ডেক্স

সারাদেশে নতুন করে ডেঙ্গু আক্রান্ত হয়ে অন্তত ৯ জনের মৃত্যুর তথ্য পাওয়া গেছে। এসময়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৫৭১ জন ডেঙ্গুরোগী। চলতি বছর ডেঙ্গুতে একদিনে এটিই সর্বোচ্চ মৃত্যু ও হাসপাতালে ভর্তির রেকর্ড। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ডেঙ্গু-সংক্রান্ত নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ৭ সেপ্টেম্বর পর্যন্ত দেশে ডেঙ্গুতে ১৩০ জন মারা গেছেন। এসময়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪৫ হাজার ৪৭৫ জন ডেঙ্গুরোগী। তথ্য বলছে, গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ৯ জনের মধ্যে ঢাকা দক্ষিণ সিটিতে ৩ জন, ঢাকা উত্তর সিটিতে ২ জন, খুলনা বিভাগে ২ জন এবং বরিশাল ও ময়মনসিংহ বিভাগে একজন করে রয়েছে। ২ এর পাতায় দেখুন

বাংলাদেশে এসে গরুর মাংসের প্রশংসা করায় ভোপের মুখে ভারতীয় অভিনেতা বিখ্যক্তি

কীর্তনখোলা ডেক্স

ওপার বাংলার জনপ্রিয় অভিনেতা বিখ্যক্তি চক্রবর্তীর সাম্প্রতিক বাংলাদেশ সফরকে কেন্দ্র করে নেটপাড়ায় তুমুল বিতর্ক শুরু হয়েছে। এক সাক্ষাৎকারে তিনি জানান, গরুর মাংস তাঁর অন্যতম পছন্দের খাবার। এর পরেই ভারতীয় নেটিজেনদের একাংশের ভোপের মুখে পড়ছেন তিনি। সম্প্রতি একটি পারিবারিক অনুষ্ঠানে যোগ দিতে বাংলাদেশে এসেছিলেন বর্ষায়া এই অভিনেতা। সফরকালে এক সাক্ষাৎকারে বাংলাদেশের ঐতিহ্যবাহী খাবার ও আতিথেয়তার ভূমিকা প্রশংসা করেন তিনি। গরম ভাতের সঙ্গে পদ্মার ইলিশের তেল ও ভাজা মাছের প্রতি তাঁর দুর্বলতার কথা জানান। তবে, বিতর্কের কেন্দ্রবিন্দু হয়ে ওঠে গরুর মাংস নিয়ে তাঁর করা মন্তব্যটি। তিনি জানান, গরুর মাংস তাঁর অত্যন্ত পছন্দের এবং সেদিন রাতেও তা খাওয়ার পরিকল্পনা রয়েছে। সোশ্যাল মিডিয়ায় এই ২ এর পাতায় দেখুন



শেখ হাসিনা রাজনৈতিকভাবে দেউলিয়া হয়ে দেশ ছেড়েছেন: সারজিস

বরগুনা প্রতিনিধি

আওয়ামী লীগের সভাপতি ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজনৈতিকভাবে দেউলিয়া হয়ে দেশ ছেড়েছেন বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তাঁর দাবি, শেখ হাসিনা আর দেশে ফিরতে পারবেন না। একই সঙ্গে বিএনপিকে ক্ষমতার অপব্যবহার ও দলীয়করণ থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন তিনি। বরগুনা জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জেলা শাখার আয়োজনে সাংগঠনিক সমন্বয় সভা ও রাজনৈতিক কর্মশালায় এসব কথা বলেন সারজিস আলম। দিনব্যাপী কর্মসূচিতে এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম, যুগ্ম আঞ্চলিক সেরায়ার তুষারসহ স্থানীয় নেতা-কর্মীরা অংশ নেন। পরে বেলা একটার পর সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন কেন্দ্রীয় নেতারা। মতবিনিময় সভায় সারজিস আলম বলেন, অপরাধীদের রাজনৈতিক পরিচয় বা পদ বিবেচনা করে আশ্রয়-প্রশ্রয় দেওয়া হলে বিএনপি একসময় অপরাধের অভয়ারণ্যে পরিণত হতে পারে। তিনি দলটির প্রতি ক্ষমতার অপব্যবহার ও দলীয়করণের পথ পরিহারের আহ্বান জানান। সাবেক প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন

আইগেলঝাড়ায় ক্রসফায়ারে দু'নেতাকে হত্যা হাসানাত ও এসপির নির্দেশে হত্যার পর তাড়াতাড়ি দাফন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আইগেলঝাড়ায় ২০১৫ সালে উপজেলা ছাত্রদল ও জাসাদের দুই নেতাকে হত্যার অভিযোগে করা

আন্তর্জাতিক অপরাধ টাইব্রুনাল-২ এর বিচারিক প্যানেলে জবানবন্দী দেন রষ্ট্রপক্ষের আইনজীবী। আবুল হাসানাত আবদুল্লাহ ছাড়া অন্য আসামিরা বিচারবিহীনভাবে হত্যার অভিযোগে করা

উপ-পরিদর্শক (এএসআই) মো. মাহবুল ইসলাম ও মো.জসিম উদ্দিন এবং বরিশালের তৎকালীন পুলিশ সুপার (এসপি) এ কে এহসানউল্লাহ। এর মধ্যে মো. মাহবুল ইসলাম ও মো. জসিম উদ্দিন গ্রেফতার আছেন। বিচারবিহীন হত্যাকাণ্ডের শিকার ভুক্তভোগী দুজন হত্যার পর তাড়াতাড়ি দাফন করতে বলা হয়। আইগেলঝাড়া উপজেলা ছাত্রদলের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক ২ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগীয় কমিশনারের হানা, তালাবদ্ধ ভূমি অফিস

রাজাপুর প্রতিনিধি

সরকারি কর্মসূচি শুরু হলেও অফিসে ছিলেন না কর্মকর্তা-কর্মচারীরা। এমনকি দরজাঘেঁটে বুলছিল তালা। মঙ্গলবার সকালে বালকাঠির রাজাপুর উপজেলার শুভাগড় ইউনিয়ন ভূমি অফিসে আকস্মিক পরিদর্শন গিয়ে এমন চিত্র দেখতে পান বরিশাল বিভাগের বিভাগীয় কমিশনার। এতে জেলা মোঃ খলিল আহমেদ। এ ঘটনায় ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা মো. কামাল হোসেন খানের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার উদ্যোগ

নেওয়া হয়েছে। তাঁকে সাময়িক বরখাস্তসহ বিবিধ অনুষঙ্গী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য বালকাঠির জেলা প্রশাসককে নির্দেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বিভাগীয় কমিশনারের গোপন শাখা থেকে এ

সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়। এতে জেলা প্রশাসককে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে তা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে অবহিত করতে বলা হয়েছে। অফিস ২ এর পাতায় দেখুন

প্রথমবার ৮ বিভাগে রাবির ভর্তি পরীক্ষা, যুক্ত হচ্ছে বরিশাল

কীর্তনখোলা ডেক্স

প্রথমবারের মতো দেশের আটটি বিভাগীয় শহরে ভর্তি পরীক্ষা নেওয়ার পরিকল্পনা করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্বিবি)। এর অংশ হিসেবে এবারই প্রথম আঞ্চলিক কেন্দ্র হিসেবে বরিশালকে যুক্ত করার প্রস্তাব করা হয়েছে। ২০২৬-২৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার মাধ্যমে এই উদ্যোগ বাস্তবায়নের কথা রয়েছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত ভর্তি উপকমিটির দ্বিতীয় সভায় বরিশালে পরীক্ষা নেওয়ার বিষয়টি বিবেচনা করা হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক ড. এস এম কামরুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, ভর্তি উপকমিটির প্রথম সভায় ঢাকা, রাজশাহী, রংপুর, খুলনা, চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট, এই সাতটি শহরে ভর্তি পরীক্ষা নেওয়ার ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটি কলেজে সিরাতুননবী সা. পালিত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর সদর রোডে অবস্থিত সন্মাননীয় শিক্ষা প্রতিষ্ঠান বরিশাল সিটি কলেজে সিরাতুননবী (সাত) উদযাপন উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সকাল ১১টায় কলেজের আইসিটি ভবনের হলকক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ আবদুল জব্বার। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজ গভর্নিং বোর্ড সভাপতি ও চাচার সরকারি ফজলুল হক কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ আবদুর রব। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজের ইসলাম শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মোয়াজ্জেম হোসাইনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। আলোচনা সভায় মহানবী হযরত ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগরিকপুর, নেহারাবা ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফসল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

কবীর্ভনাথানা

আত্মকথায় প্রতিনিধ

গৌরনদীতে মাদকসেবীকে

এলাকার দিয়াত্তের ৮ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সজিব আকনকে মাদক সেবনরত অবস্থায় আটক করা হয়। তিনি ওই এলাকার মস্তফা আকনের ছেলে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গৌরনদী সার্কেলের সার্কেল ইনচার্জ মো. ফাউজুল ইসলাম রিদয় হাওলাদারের নেতৃত্বে অভিযানটি পরিচালিত হয়। আটকের পর সজিব আকনকে গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ইব্রাহীম বলেন, “মাদক ব্যক্তি, পরিবার ও সমাজের জন্য মারাত্মক ক্ষতিকর। মাদক নিয়ন্ত্রণে প্রশাসনের পাশাপাশি সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিয়মিত অভিযান পরিচালনা করছে। মাদক সেবন ও মাদক কারবারের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে। মাদকমুক্ত সমাজ গঠনে সবাইকে প্রশাসনকে সহযোগিতা করার আহ্বান জানাই।” মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গৌরনদী সার্কেলের সার্কেল ইনচার্জ মো. ফাউজুল ইসলাম রিদয় হাওলাদার জানান, “জনস্বার্থে মাদকবিরোধী এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। মাদক সেবন ও মাদক কারবারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।” স্থানীয়দের মতে, শিক্ষা প্রতিষ্ঠানের আশপাশস্থ বিভিন্ন এলাকায় মাদকবিরোধী অভিযান জোরদার করা হলে মাদক সেবন ও বিস্তার অনেকাংশে নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে।

নদী-কৃষিজমি কেটে তিন চুল্লি

চুল্লির ধোঁয়া ও পোড়া গন্ধ তাঁদের স্বাভাবিক জীবনযাত্রা বাইত হচ্ছে। কেউ কেউ চোখ-মুখে জ্বালাপোড়া, চুলকানি, অ্যালার্জি ও শ্বাসকষ্টের সমস্যাও বলা জানিয়েছেন। তাঁদের আশঙ্কা, দীর্ঘদিন এভাবে ধোঁয়া ছড়াতে থাকলে এর প্রভাব পড়বে শিশু ও বয়স্কদের স্বাস্থ্যের ওপর। তবে এমন অভিযোগের সবগুলো স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। চুল্লি থেকে নিশ্চয় ধোঁয়ার ঝাঝ, বায়ুদূষণের পরিমাণ এবং জনস্বাস্থ্যের ওপর এর প্রকৃত প্রভাব জানতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বৈজ্ঞানিক পরীক্ষা প্রয়োজন। চারুয়া সচিবের পাশে চুল্লিগুলোর আশপাশে মাটির বড় বড় স্থূপ দেখা গেছে। স্থানীয়দের দাবি, নদী ও নদীসংলগ্ন এলাকা এবং কৃষিজমি থেকে মাটি কেটে এসব স্থূপ তৈরি করা হয়েছে। প্রশ্ন উঠেছে, এই মাটি কাটার অনুমতি রয়েছে কি না। কোথা থেকে মাটি সংগ্রহ করা হয়েছে, কত পরিমাণ মাটি কাটা হয়েছে এবং সংশ্লিষ্ট জমির মালিক বা কর্তৃপক্ষের অনুমোদন নেওয়া হয়েছে কি না, তারও স্পষ্ট উত্তর পাওয়া যায়নি। স্থানীয়দের অভিযোগ, মাটি কাটার পাশাপাশি ওই এলাকায় গাছপালাও কেটে ফেলা হয়েছে। ফলে একদিকে কৃষিজমি ও নদীর তীরের ভূমির পরিবর্তন ঘটছে, অন্যদিকে কমছে সবুজ আচ্ছাদন। পরিবেশ ও ভূমি-সংরক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সরেজমিন তদন্ত ছাড়া এসব কর্মকাণ্ড ঠেঁকে কি না, তা নিশ্চিত করা সম্ভব নয়। তবে স্থানীয়দের অভিযোগ এবং সরেজমিনে দৃশ্যমান মাটির স্থূপ ও গাছ কাটার চিহ্ন বিষয়টি তদন্তের দাবি রাখে। এক পাশে চুল্লি, অন্য পাশে বিদ্যালয়ের চুল্লিগুলোর আশপাশে রয়েছে একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান। এর মধ্যে বাসাবাসী চারুয়া সালিয়া আলিম মাদ্রাসা, সারুয়া ধানিয়া মাদ্রাসা, চারুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কায়না সরকারি প্রাথমিক বিদ্যালয়, দাগরভাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বানাজোড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বানানিকাঠি কেসিকে মাধ্যমিক বিদ্যালয় ও বানানিকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ আরও কয়েকটি প্রতিষ্ঠান রয়েছে। প্রতিদিন এসব প্রতিষ্ঠানে যাতায়াত করে শত শত শিক্ষার্থী। ফলে চুল্লির ধোঁয়া ও দুর্গন্ধ নিয়ে উৎপেণ প্রকাশ করছেন স্থানীয় অভিভাবকগণ। একাধিক বালিদা ব বলেন, চুল্লি চাল থাকলে বাতাসে ধোঁয়া ও পোড়া গন্ধ ছড়িয়ে পড়ে। বাতাস কম থাকলে ধোঁয়া দীর্ঘ সময় ধরে আশপাশে অবস্থান করে। এতে বিশেষ করে শিশুদের নিয়ে তারা উদ্ভিগ। একজন স্থানীয় বাসিন্দা বলেন, “চুল্লি জ্বালো ঘরের দর-জানালা বন্ধ করলে ধোঁয়া থেকে রেহাই পাওয়া যায় না। শিশুদের নিয়ে সবচেয়ে বেশি চিন্তায় আছি।” ছাড়পত্র আছে, নাকি শুধু আবেদন? চুল্লিগুলোর কার্যক্রম নিয়ে সবচেয়ে বড় প্রশ্ন উঠেছে পরিবেশগত অনুমোদন নিয়ে। সরেজমিনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পরিবেশগত ছাড়পত্রের কপি বা কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় অনুমোদনের দাবি পাওয়া যায়নি। তবে কারচুরার মালিক ইকুবাল মাহমুদ নথি করেছেন, পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করা হয়েছে। এখানেই প্রশ্ন উঠেছে ছাড়পত্রের জন্য আবেদন করা এবং ছাড়পত্র পাওয়া কি একই বিষয়? পরিবেশগত অনুমোদনের ক্ষেত্রে আবেদন করা, যাচাই-বাছাই এবং অনুমোদন পাওয়ার মধ্যে পার্থক্য রয়েছে। ফলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নথি যাচাই করে দেখতে হবে, প্রতিষ্ঠানটি আদৌ পরিবেশগত ছাড়পত্র পেয়েছে কি না, পেলে কোন শ্রেণিতে পেয়েছে এবং কী কী শর্ত দেওয়া হয়েছে। এ ছাড়া প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্পপ্রতিষ্ঠান হিসেবে অনুমোদনের আবেদন করেছে, সেটিও গুরুত্বপূর্ণ। কারণ পাশ পাশোদের কার্যক্রমের ক্ষেত্রে প্রয়োজা পরিবেশগত ও অন্যান্য আইন-কানুন কাঁড়াবে বাস্তবায়ন হচ্ছে, তা নির্ভর করবে প্রতিষ্ঠানের প্রকৃতি ও কার্যক্রমের ওপর। চুল্লির পাশে রাখা কাঠের স্থূপ স্থানীয়দের অভিযোগকে আরও জোরালো করেছে। তাঁদের দাবি, কাঠ পুড়িয়ে চুল্লি চালানো হচ্ছে। সরেজমিনে চুল্লির পাশে কাঠ মজুত থাকতে দেখা গেছে। তবে কাঠতোলা ঠিক কী কাজে ব্যবহৃত হচ্ছে এবং প্রতিদিন কী পরিমাণ কাঠ পোড়ানো হয়, তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পরিদর্শন ও যাচাই ছাড়া নিশ্চিত করা যাচ্ছে না। যদি সত্যিই কাঠ জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়, তাহলে সেই কাঠের উৎস কী এবং তা ব্যবহারের অনুমোদন রয়েছে কি না, সেটিও তদন্তের বিষয়। শিল্প দরকার, পরিবেশ ধ্বংস করে রাখা ইউনিয়ন ইতিপূর্বে সভাপতি বাবুল মুন্না বলেন, এলাকায় কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য শিক্ষাকারখানা প্রয়োজন। তবে তা অবশ্যই পরিবেশ ও মানুষের ক্ষতি না করে পরিচালনা করতে হবে। তিনি বলেন, “শিল্পকারখানা হোক, মানুষের পরিকল্পনা কর্মকর্তা ডা. আবদুর রউফ বলেন, কোনো ধোরার কারণে বাতাসের মান খারাপ হলে মানুষের স্বাস্থ্যের ওপর বিরূপ প্রভাব পড়তে পারে। বিশেষ করে শিশু, বয়স্ক এবং শ্বাসতন্ত্রের মনস্যায় থাকা ব্যক্তিরা বেশি ঝুঁকিতে পড়তে পারেন। তাঁর বক্তব্য অনুযায়ী, দীর্ঘ সময় দূষিত বাতাসে থাকলে শ্বাসতন্ত্রের বিভিন্ন সমস্যা তৈরি বা বাড়তে পারে। স্থানীয়দের অভিযোগের সঙ্গে চিকিৎসকদের এই সতর্কতা মিল থাকলেও, বগার চুল্লিগুলোর কারণে স্থানীয় মানুষের মধ্যে নিদ্রিষ্ট কোনো রোগ বা স্বাস্থ্যঝুঁকি কতটা বেড়েছে, তা জানতে স্বাস্থ্য পরীক্ষা ও পরিবেশগত বায়ুমান পরীক্ষা প্রয়োজন। বিষয়টি নিয়ে বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা সাহেব আহমেদ বলেন, সংশ্লিষ্টদের প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে আসতে বলা হয়েছে। অনুমোদন না থাকলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। পটুয়াখালী জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক লোভানো জামিল বলেন, বিষয়টি তাঁর দপ্তরে নেই। সরেজমিনে পরিদর্শন করে বিষয়টি নিশ্চিত হওয়ার পর তিনি এ বিষয়ে মন্তব্য করবেন। এমন দেখার বিষয়, তদন্তে কী বেরিয়ে আসে চারুয়ার এই স্থাপনাকে ঘিরে একসঙ্গে কয়েকটি প্রশ্ন সামনে এসেছে- নদী ও কৃষিজমি থেকে মাটি কাটা হয়েছে কি না, মাটি কাটার অনুমোদন আছে কি না, পাছপালা কাটার ঘটনা ঘটেছে কি না, তিনটি চুল্লি পরিচালনার বৈধতা কী, পরিবেশগত ছাড়পত্র আদৌ পাওয়া গেছে কি না এবং কাঠ জ্বালানি হিসেবে ব্যবহারের বৈধতা রয়েছে কি না। এর সঙ্গে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন, জনবসতি ও শিক্ষাপ্রতিষ্ঠানের এ কাজে চুল্লিগুলোর অবস্থান পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য কতটা নিরাপদ। শুধু মালিকপক্ষের কাগজপত্র যাচাই করলেই এ প্রশ্নগুলোর উত্তর মিলবে না। প্রয়োজন সরেজমিন তদন্ত, পরিবেশগত পরিমাণ এবং মাটি সঞ্গ্রহের উৎস যাচাই। প্রশাসন ইতিমধ্যে প্রয়োজনীয় কাগজপত্র চেয়েছে। এখন অপেক্ষা, সেই কাগজপত্র কী আছে এবং মঠপর্যায়ের তদন্তে কী বেরিয়ে আসে। স্থানীয়দের প্রত্যাশা, বিষয়টি যেন শুধু নোটিশ ও আশ্বাসের মধ্যে সীমাবদ্ধ না থাকে। নদী, কৃষিজমি, গাছপালা, পরিবেশ এবং মানুষের স্বাস্থ্য রক্ষার পাশাপাশি বৈধ শিল্প ও কর্মসংস্থানের সুযোগও নিশ্চিত করা হোক। তারা বলছেন- শিল্প চাই, কর্মসংস্থানও চাই। তবে উন্নয়নের নামে নদী, কৃষিজমি ও মানুষের স্বাস্থ্য বিসর্জন দিয়ে নয়।

মুলাদীতে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে

ও গভীর রাতির সভাপতিত্বে মোট ২০ জনকে বিদায়ী করা হয়েছে। তাঁদের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও রেজিস্ট্রার, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি), আঞ্চলিক পরিচালক ও উপপরিচালক, বরিশাদের জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এবং জেলা শিক্ষা কর্মকর্তাও রয়েছেন। মামলার

নথি অনুযায়ী, বাদী খান শ্রেম পাঠান শাহ ২০১৪ সালের ১৭ নভেম্বর বাংলা বিষয়ে প্রভাষক পদে কলেজটিতে যোগ দেন এবং ২০১৫ সালের ১ জানুয়ারি এমপিওভুক্ত হন। তাঁর দাবি, ২০২২ সালে তিনি সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা অর্জন করেন। মামলায় বলা হয়েছে, কলেজের কৃষিক্ষা বিষয়ের প্রভাষক মো. কামাল হোসেন ২০১৪ সালের ১৮ নভেম্বর প্রভাষক পদে যোগ দেন এবং ২০১৫ সালের ১ জুলাই এমপিওভুক্ত হন। যোগদানের তারিখ ও এমপিওভুক্তিসহ চাকরির বিভিন্ন বিষয় বিবেচনায় বাদী জ্যেষ্ঠ হলেও তাকে বাদ দিয়ে অপেক্ষাকৃত কনিষ্ঠ শিক্ষক মো. কামাল হোসেনকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। বাদীপক্ষের অভিযোগ, এমপিওভুক্ত বেসরকারি কলেজের শিক্ষক-কর্মচারীদের পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী যোগ্যতা, অভিজ্ঞতা ও জ্যেষ্ঠতা বিবেচনা করার কথা। কিন্তু হাজী সৈয়দ বদরুল হোসেন কলেজে এসব বিষয় যথাযথভাবে বিবেচনা না করেই মো. কামাল হোসেনকে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়েছে। মামলায় আরও বলা হয়, বাদী পদোন্নতির জন্য প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাঁর বিষয়টি যথাযথভাবে বিবেচনা করেনি। এ বিষয়ে কলেজের অধ্যক্ষের কাছে লিখিতভাবে আবেদন করেও কার্যকর পদক্ষেপ না পাওয়ার অভিযোগ করেন তিনি। পরে গত ৪ আগস্ট অধ্যক্ষকে আইনি নোটিশ পাঠান। নোটিশ পাওয়ার পরও কোনো কার্যকর পদক্ষেপ না নেওয়ার তিনি আদালতের দ্বারস্থ হন বলে মামলায় উল্লেখ করা হয়েছে। বাদীপক্ষের আইনজীবী এচি এম আল-রাফুল আলম বলেন, ‘বাদী ২০২২ সালে পদোন্নতির জন্য যোগ্যতা অর্জন করলেও তাকে পদোন্নতি না দিয়ে পরবর্তী সময়ে যোগদান করা শিক্ষকে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়েছে। বিষয়টি আইন ও প্রচলিত নীতিমালা অনুযায়ী আদালতের কাছে উত্থাপন করা হয়েছে। আদালত ওদানি শেষে কলেজের অধ্যক্ষ ও সভাপ্তিকে কারণ বর্ণনায় নোটিশ দিয়েছেন।’ তবে অভিযোগ অস্বীকার করেছেন কলেজের অধ্যক্ষ আ স সাহাদাত হোসাইন। তিনি বলেন, ‘শুধু যোগদানের ক্ষেত্রে জ্যেষ্ঠ হলেই তাকে পদোন্নতি দেওয়া যাবে না। এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী সদস্যরসম্মতি বিহীন পদকতা মূল্যায়ন করে সুপারিশ পাঠাতে হয়। নিয়ম মেনেই গভর্নর বর্ডস সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষিক্ষা বিষয়ের প্রভাষককে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়েছে। আদালতে যথাসময়ে জবাব দেওয়া হবে।’

নদীতে বিলীনের পথে ৩৩ হাজার

ভাঙন তীব্ররূপ ধারণ করেছে। স্থানীয়দের আশঙ্কা, বৈদ্যুতিক টাওয়ারটি যে কোনো মুহূর্তে নদীতে বিলীন হয়ে যেতে পারে। এতে বানারীপাড়া সদর ইউনিয়নের কালাহারা ও ব্রাহ্মকাঠি গ্রামসহ নদীর অপর পারের বাইরাইলী, ইলুবরা, উদারকাঠি ও বৈশারকদি উপনিয়নসহ আশপাশের বিশাল এলাকা বিস্মুদহীন হয়ে পড়বে। উচ্চক্ষমতাসম্পন্ন এ টাওয়ারটি নদীতে বিলীন হলে তা সেরামত বা পুনর্নির্মাণ করতে দীর্ঘ সময় ও বিপুল অর্থ ব্যয় হবে। ফলে দীর্ঘদিন এসব এলাকা অন্ধকারে নিমজ্জিত থাকবে। এতে পল্লী বিদ্যুতের ত্রিশ হাজার গ্রাহকসহ এসব পরিবারের লক্ষাধিক সদস্যের জীবনে দুর্যোগ্য হয়ে আসবে। স্থানীয়দের ভাষ্য, জনগুরুত্বপূর্ণ বৈদ্যুতিক টাওয়ারটি নদীর ভাঙনে ঝুঁকিতে থাকার খবরে উপজেলার পাঁচ ইউনিয়নের মানুষ উদ্ভিগ্ন হয়ে পড়েছেন। জরুরি ভিত্তিতে টাওয়ারটির গোড়ায় গিঁড়বাগ ফেলে সাময়িক প্রতিক্রিয়া বাঁধ তৈরি করা না হলে পরবর্তি নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। স্থানীয় অধ্যক্ষ ও বড ব্রিক্রি ফিল্ডের পরিচালক জহিরুল ইসলাম সৌভজ জানান, গত কয়েকদিনের অব্যাহত ভাঙনে বৈদ্যুতিক টাওয়ার ও নদীর দূরত্ব এখন মাত্র কয়েক গজের। টাওয়ারটি নদীতে ধসে পড়লে স্থানীয়দের দৈনন্দিন জীবনসহ ব্যবসা-বাণিজ্য এবং শিক্ষা কার্যক্রমে বিপর্যয় ঘটবে। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২’র অণ্ডতাবানী বানারীপাড়া সদর জোনাল অফিসের এটিএম মো. আল-আমিন বলেন, তিনি ইতোমধ্যে ঘটনাস্থল পরিদর্শন করেছেন। নদী ভাঙনের হাত থেকে বৈদ্যুতিক টাওয়ারটি বক্ষায় উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। বরিশাল-২ (বানারীপাড়া-উত্তরপল্ল) বিদ্যুৎ সরবরাহ সড়ক সড়ক অনুসরণ করে আইন উন্নয়ন নদীর ভাঙন তীব্রতী জনগুরুত্বপূর্ণ বৈদ্যুতিক টাওয়ারটি রক্ষার জন্য আপাতত জিও ব্যাগ ফেলসহ রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে। প্রয়োজনে টাওয়ারটি স্থানান্তরে উদ্যোগ নেওয়া হবে। এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীর সঙ্গে রোববার দুপুরে কথা বলেছেন। সন্ধ্যা নদীর ভাঙন রোধে বাঁধ নির্মাণসহ টেকসই ও কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে পানি সম্পদমন্ত্রীসহ সংশ্লিষ্টদের সঙ্গেও কথা বলেছেন।

১২ দিন বিদ্যুৎহীন সাত পরিবার

(৬২), তার ছেলে লিয়াকত হোসেন সেপাই ও সহযোগী জলিল হাওলাদার একই গ্রামের সাতটি পরিবারের সদস্যদের বিদ্যুৎ মিটারের সংযোগের তার কেটে দেন। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার সময় বাধা দিতে গেলে ভুক্তভোগীদের খুন-জন্মের হুমকি দেওয়া হয় বলে অভিযোগ করেন ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা। এতে জাকির সেপাই, হাসান বেগম, শামীম সেপাই, সৈয়দ সেলিম, ইউনুজ সেপাই, আবদুস সালাম সেপাই ও শহিদুলজামানের পরিবার ১২ দিন বিদ্যুৎবিহীন অবস্থায় ছিল। পরে ভুক্তভোগী পরিবারগুলোর পক্ষে কল্লুসম মেষম উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দােন। অভিযোগ পাওয়ার পর বিষয়টি গুরুত্বের সঙ্গে নিয়ে সোমবার রাতে ঘটনাস্থলে যান ইউএনও ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. বাফিরুল হাসান। সেখানে আমায়ন আলদল পরিচালনা করে প্রধান অভিযুক্ত ফজলুল হক সেপাইকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। জরিমানা আদায়ের ১৫ দিনের বিনাশ্রম কারাদেশের আদেশ দেওয়া হয়। ডামাঘাট আদালতের নির্দেশের পর ওই রাতেই বিচ্ছিন্ন করে দেওয়া সাতটি পরিবারের বিদ্যুৎ সংযোগ পূরণস্থান হয়ে। দীর্ঘ ১২ দিন পর বিদ্যুৎ ফিরে গেলে পেয়ে স্বস্তি প্রকাশ করছেন ভুক্তভোগী পরিবারের সদস্যরা। স্থানীয়রা বলছেন, প্রশাসনে দ্রুত হস্তক্ষেপ নীতিমূলের ভোগান্তির অবসান হয়েছে। একই সঙ্গে বৈআইনিভাবে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার ঘটনায় তাত্ক্ষণিক ব্যবস্থা নেওয়ার সন্তোষ প্রকাশ করেছেন তারা।

সৌদি-হুথি ত্রিস্থ সংঘাত, ইয়েমেনে

ভাষ্য, এসব হামলায় অতত ৭৩ জন আহত হয়েছেন। আহত ব্যক্তিদের মধ্যে নারী ও শিশুও রয়েছে। হুথিরা সন্ন্যাসের (৮ সেপ্টেম্বর) দাবি করেছে, তারা সৌদি আরবের দক্ষিণাঞ্চল রদল্লাহ তেলে স্পেশানি আরামকোর কয়েকটি জ্বালান স্থানায় হামলা চালিয়েছে। গোষ্ঠীটির সামরিক মুখপাত্র ইয়াহিয়া সাদে এক ‘বিস্তৃত অঘোরা’ হিসেবে বর্ণনা করেছেন। সৌদি আরব জারিয়েছে, দেশের দক্ষিণাঞ্চলে জ্বালানি যাত্নের কার্যক্রম স্থানীয় ও অবকাঠামোতে হামলা হয়েছে। কয়েকটি স্থানে আত্মনও ছড়িয়ে পড়ে। সৌদি আরবের দক্ষিণাঞ্চলে গুরুত্বপূর্ণ তেল অবকাঠামো রয়েছে। এর মধ্যে জাজান তেল শোধনায়ার অন্যতম। এই শোধনায়ারে প্রতিদিন প্রায় চার লাখ ব্যারেল অপরিিশোধিত তেল পরিশোধনের সক্ষমতা রয়েছে। হুথিদের দাবি, তারা ড্রেন ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার করে আরামকোর জ্বালানি স্থানায় হামলা চালিয়েছে। গোষ্ঠীটি বলছে, ইয়েমেনে হুথি নিয়ন্ত্রিত এলাকায় সৌদি হামলার জবাব হিসেবে এসব হামলা চালানো হয়েছে। এর আগে সোমবার হুথিরা অভিযোগ করে, সৌদি আরব ইয়েমেনের আল-জাওফ, আল-বাইদা, মারিও ও তাইজ য়েমেনে মারিও ও কুজ ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। আল-জাওফের রাজধানী আল-জাওফের একটি কাারাগারে সৌদি বিমান হামলায় সাতজন নিহত ও সাতজন আহত হয়েছেন বলেও দাবি করে হুথিরা। তবে এ বিষয়ে সৌদি আরব তাত্ক্ষণিকভাবে কোনো মন্তব্য করেনি। ইয়েমেনের আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারও হুথিদের বিরুদ্ধে সামরিক অভিযান চালিয়েছে। সরকারি বাহিনী রোববার জানিয়েছে, তারা হোদেইদা, মারিও ও আল-জাওফের হুথিদের অবস্থানে বিমান হামলা চালিয়েছে। সোমবার তারা স্থল অভিযানও হারায়। আল-জাওফের আল-লাবানাতে পর্তমালার দিকে অগ্ন্যস্র হওয়ার দাবি করেছে সরকারপক্ষি বাহিনী। একই সঙ্গে, ইয়াতমা এলাকায় রকেট হামলা এবং হুথি হোথারের দিকে তীব্র লড়াইয়ের কথা জানানো হয়েছে। আল-বাইদার দি নদ্রিম এলাকাতেও অগ্রগতির দাবি করেছে তারা। অন্যদিকে হুথিরা জানিয়েছে, তারা আল-লাবানাতে দিলে সরকারি বাহিনীর অগ্রযাত্রা ঠেকিয়ে দিয়েছে এবং সরকারি বাহিনীর সদস্যদের হতাহত করেছে। তবে উভয় পক্ষের এসব সারকিক দাবি স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। ইয়েমেনের সৌদি-সমর্থিত প্রেসিডেন্সিশাসিত লিডারশিপ কাউন্সিলের চেয়ারম্যান রাশাদ আব-আলমিি বলেনে, সরকারি বাহিনী আল-জাওফ, আল-বাইদা, তাইজ ও হোদেইদায় উগ্রত্যাযোগ্য অগ্রগতি অর্জন করেছে। ইয়েমেনের উপপ্রতিরক্ষামন্ত্রী মেজর জেনারেল সামির

আল-সাবরি রাষ্ট্রীয় টেলিভিশনে বলেছেন, সরকার সান্না পুনশ্বাসের সিদ্ধান্ত নিয়েছে।

মধ্যপ্রাচ্যে সরবরাহ

ব্রেড জুডের দাম ৪৯ সেন্ট বা শূন্য দশমিক ৫ শতাংশ বেড়ে প্রতি ব্যারেল ৯৭ দশমিক ৪৯ ডলারে উঠেছে। একই সময়ে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট বা ডব্লিউটিআই তেলের দাম ১ দশমিক ৪৪ ডলার বা ১ দশমিক ৬ শতাংশ বেড়ে হয়েছে ৯২ দশমিক ৯২ ডলার। ডিবিএস ব্যাংকের জ্বালানি গবেষণাপ্রধান সুব্রো সরকার বলেন, যুক্তরাষ্ট্রে সোমবার সোবার ডে ছুটির কারণে ডব্লিউটিআইয়ের বাজার বন্ধ ছিল। ফলে মঙ্গলবার এটি আগের দিনের ব্রেন্টের দামের সঙ্গে সামঞ্জস্য করে বেড়েছে। তিনি বলেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সাম্প্রতিক উত্তেজনা চলতি বছর এবং ২০২৭ সালজুড়েই তেলের দামের বৃদ্ধি সম্পর্কে বাজারের গণায়ণ বড় পরিবর্তন আনতে পারে। ইরান যুক্তরাষ্ট্রকে ‘অর্থনৈতিক যুদ্ধের’ ইশিয়ারি দিয়েছে। একই সঙ্গে দেশটি দাবি করেছে, তারা মার্কিন যুক্তরাষ্ট্রকে লক্ষ্য করে একটি অত্যাধুনিক ক্ষেপণাস্ত্র ছুড়েছে। এতে মধ্যপ্রাচ্যে সংঘাত আরও বিস্তৃত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। এর আগে সোমবার যুক্তরাষ্ট্রের বাহিনী ইরানের তিনটি তেলবাহী জাহাজে হামলা চালায়। এর মধ্যে একটি ইরানের প্রধান তেল রপ্তানি কেন্দ্র খার্ব ধ্বংস করা হচ্ছে ছিল বলে জানিয়েছেন মার্কিন স্টেটদল কমিউ। এর আগে ইরানের বিপ্লবী গার্ডস অঞ্চলে অবস্থানরত মার্কিন এনজেলজের হামলা চালিয়েছিল। একুশজের ব্যাংকের বিশেষকর ড্যানিয়েল হাইনস বলেন, মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক উত্তেজনা দীর্ঘস্থায়ী অচলাবস্থার সম্ভাবনা বাড়িয়েছে। এর ফলে ২০২৬ সালের বাকি সময়জুড়ে পারস্য উপসাগরীয় অঞ্চলে তেল সরবরাহ সীমিত থাকতে পারে। তিনি বলেন, যুদ্ধ ওল্লর আগের পর্যায়ের তেল সরবরাহ পুরোপুরি স্বাভাবিক হতে ২০২৭ সালের প্রথমার্ধে প্রাক্তিকের শেষ ভাগ বা দ্বিতীয় প্রাক্তিকের ওল্লর দিক পর্যন্ত সময় লাগতে পারে। এদিকে সংঘাতের ওল্লতে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চালাতেও কমেছে। নতুন করে যুক্তরাষ্ট্রের হামলা হলে পল্লী ব্যবস্থা নেওয়ার ইরানের হুমকির পর এই পরিস্থিতি তৈরি হয়েছে। তেলের সরবরাহে বিঘ্ন ২০২৭ সাল পর্যন্ত অব্যাহত থাকতে পারে—এমন ধারণার ভিত্তিতে গোল্ডম্যান সাক্স ডিসেপ্ত ২০২৬-এর জন্য ব্রেড ও ডব্লিউটিআইয়ের পূর্বাভাস ৫ ডলার করে বাড়িয়েছে। নতুন পূর্বাভাস অনুযায়ী, ডিসেম্বর নাগাদ ব্রেন্টের দাম ৮৫ ডলার এবং ডব্লিউটিআইয়ের দাম ৮০ ডলারে উঠতে পারে। ২০২৭ সালের জন্য প্রতিষ্ঠানটি যথাক্রমে ৮০ ও ৭৫ ডলারে পূর্বাভাস দিয়েছে। পণ্যবাজার বিশ্লেষক এড মেয়োও মনে করেন, যুদ্ধ চলতে থাকলে বছরের শেষ পর্যন্ত অপরিিশোধিত তেলের দাম তুলনামূলকভাবে বেশি থাকতে পারে।

আড়াই কেজির ইলিশ ১৫ হাজার

নিলামে তোলা হয়। মাছটি ১৫ হাজারে বিক্রি করেছে। মন্ড্য ব্যবসায়ী সাবিদ মোহর্য বলেন, নিলামে তাদের পাশাপাশি আরও কয়েকজন ব্যবসায়ী অংশ নেন। পিনায়ে সর্বোচ্চ দাম দিয়ে মাছটি কিনি। মাছটি লঞ্চযোগে ঢাকার কারওয়ান বাজারে পাঠানো হবে। সেখানে এক ব্যবসায়ী মাছটির দাম ২০ হাজার টাকা বলেছে। উপজেলা মন্ড্য কর্মকর্তা জয়ন্ত কুমার অণু বলেন, বর্তমানে মেঘনা নদীতে ইলিশের সংকট চলছে। এর মধ্যে বড় আকৃতির ইলিশ জেলের জালে ধরা পড়লে তা জেলেনদের জন্য কিছুটা স্বস্তির বিষয়। সামনে নদীতে আরও বড় আকৃতির ইলিশসহ অন্য মাছ ধরা পড়তে বলেও আশা করি।

ভাণ্ডারিয়ায় দুঃস্থ কল্যাণ সংস্থার

গভীর শোক প্রকাশ এবং শোকাবহত পরিবারের প্রতি সমবেদনা জানান, সংগঠনের প্রতিষ্ঠাতা জাতীয় পাটি-জৈপরি চেয়ারম্যান,সাবেক মন্ত্রী,এমপি আনোয়ার হোসেন মঞ্জু,সাবেক এমপি,দৈনিক ইত্তেফাক ও পাক্ষিক অনন্যা সম্পাদক তারিফমো হোসেন। এছাড়াও শোক প্রকাশ এবং শোকাবহত পরিবারের প্রতি সমবেদনা জানান, জাতীয় পাটি-জৈপরি ভাণ্ডারিয়া উপজেলা সভাপতি এবং সাবেক উপজেলা চেয়ারম্যান মো. মনিরুল হক মনি জোমাদ্দার, ভাণ্ডারিয়া সরকারি কলেজের সাবেক ডিপি মো.মাহমুদ হোসেন, জাতীয় পাটি-জৈপরি ভাণ্ডারিয়া উপজেলা কর্মকর্তী সভাপতি এবং সাবেক উপজেলা চেয়ারম্যান মো.মাহিবুল হোসেন মাহিম, সাবেক উপজেলা চেয়ারম্যান অতিকুল ইসলাম উজ্জল তালুকদার, সাবেক সদর ইউনিয়ন চেয়ারম্যান মো.সোলাম সরোয়ার জোমাদ্দার, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান খান মো.রুস্তম আলী,সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান আসমা আখতার,সংগঠনের প্রশাসনিক কর্মকর্তা বীর মুক্তিযোদ্ধা কাজী আতাহার হোসেন,বীর মুক্তিযোদ্ধা খান এনায়েত করিম,ধাওয়া ইউনিয়ন রিডএগরি সভাপতি কাজী আব্দুল কুদ্দুসহ বিশিষ্ট জনরা। অন্যদিকে গতকাল মঙ্গলবার বাদ আহ্ন মুক্তের বাড়ি উপজেলা রমেশ্বর ধাওয়া ইউনিয়নের ২মখর ওয়ার্ডে ধাওয়া লককাটা দাখিল মাদ্রাসায় পানসরতলী এলাকা থেকে প্রকাশ আসামী হোশালকে গ্রেফতার করা হয়। মঙ্গলবার দুপুরের দিকে তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে। মামলা সূত্রে জানা যায় , চলতি বছরের ২৯ মে বিকেলের দিকে জমি বিরোধের জেরে ইউনিউনিয়নকে বাড়ি থেকে তেকে নিয়ে স্থানীয় ফয়সুল্লাহ ও তার ছেলে হোশাল, বিব্বাল ও তনজীলসহ ৬-৭ জন মিলে দেশীয় অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করেন। এ সময় হামলাকারীদের হাত থেকে প্রাণ বাঁচতে মাইনউদ্দিন পাশের একটি পুকুরে ঝাপ দিলে হামলাকারীরা পুকুরে নেনে তাকে নুংশতভাবে কুপিয়ে গুরুতর জখম করে ছেলে রেখে যায়। পরে ঘটনাস্থলে উপস্থিত স্থানীয়রা তাকে দ্রুত হাসপার করে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহত মাইনউদ্দিন উপজেলায় দেউতা ইউনিয়নের ১নম্বর ওয়ার্ডের ছোটপাতা গ্রামের মো. নেছারউদ্দার ছেলে, সে ঢাকায় নির্মাণ

পিস্তল-ককটেলসহ আন্তঃজেলা

ছয়টি ককটেল সদৃশ বস্তু ধস্ত করা হয়। পুলিশ জানায়, তার বিরুদ্ধে বামালকাট জেলায় একটি সফরে দোকানে ডাকাতির মামলাসহ একাধিক মামলা রয়েছে। মঠবাড়িয়া থানার ওসি রবিউল ইসলাম বলেন, দুদাল নিশা আন্তঃজেলা ডাকাত দস্যুর সর্দার। তার কাছ থেকে অস্ত্র ও ছয়টি ককটেল উদ্ধার করা হয়েছে। এখন তার বিরুদ্ধে অস্ত্র ও বিক্ষোকার আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলমান রয়েছে।

মাইনুদ্দিন হত্যা মামলার

হয়ে একটি হত্যা মামলা দায়ের করেন। এ ঘটনায় ০৬ সেপ্টেম্বর সন্ধ্যা ৫টার দিকে বোরহানউদ্দিন থানার উপ-পরিদর্শক মো. নজরুল ইসলামসহ পুলিশের একটি টিম র‍্যাব-০৭ এর সহযোগীতায় চট্টগ্রামের পারারতলী এলাকা থেকে প্রকাশ আসামী হোশালকে গ্রেফতার করা হয়। মঙ্গলবার দুপুরের দিকে তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে। মামলা সূত্রে জানা যায় , চলতি বছরের ২৯ মে বিকেলের দিকে জমি বিরোধের জেরে ইউনিউনিয়নকে বাড়ি থেকে তেকে নিয়ে স্থানীয় ফয়সুল্লাহ ও তার ছেলে হোশাল, বিব্বাল ও তনজীলসহ ৬-৭ জন মিলে দেশীয় অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করেন। এ সময় হামলাকারীদের হাত থেকে প্রাণ বাঁচতে মাইনউদ্দিন পাশের একটি পুকুরে ঝাপ দিলে হামলাকারীরা পুকুরে নেনে তাকে নুংশতভাবে কুপিয়ে গুরুতর জখম করে ছেলে রেখে যায়। পরে ঘটনাস্থলে উপস্থিত স্থানীয়রা তাকে দ্রুত হাসপার করে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহত মাইনউদ্দিন উপজেলায় দেউতা ইউনিয়নের ১নম্বর ওয়ার্ডের ছোটপাতা গ্রামের মো. নেছারউদ্দার ছেলে, সে ঢাকায় নির্মাণ

দক্ষিণ আমেরিকার বুকে মুসলিম নেতৃত্বের অনন্য দৃষ্টান্ত গায়ানার প্রেসিডেন্ট ইরফান আলী

কীর্তনখোলা রিপোর্ট

গায়ানা বর্তমানে বিশ্বের অন্যতম আলোচিত অর্থনৈতিক পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। একসময় তুলনামূলক দরিদ্র দেশ হিসেবে পরিচিত গায়ানা এখন বিপুল সমুদ্রভিত্তিক তেলসম্পদ, সোনা, বক্সাইট, হীরা, বন ও কৃষিসম্পদের কারণে আন্তর্জাতিক অঙ্গনে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। একই সঙ্গে দেশটির রাষ্ট্রপতি ড. ইরফান আলী একজন মুসলিম এবং তাঁর নেতৃত্বে গায়ানা নতুন উদ্যোগের পথে এগিয়ে যাচ্ছে। ড. মোহামেদ ইরফান আলী গায়ানার প্রথম মুসলিম রাষ্ট্রপতি। তিনি ২০২০ সালে প্রথমবার রাষ্ট্রপতি নির্বাচিত হন এবং ২০২৫ সালের নির্বাচনে দ্বিতীয় মেয়াদে বিজয়ী হয়ে ৭ সেপ্টেম্বর ২০২৫ শপথ নেন। তাঁর রাজনৈতিক দল PeopleOs Progressive Party/Civic (PPP/C) ২০২৫ সালের নির্বাচনে প্রায় ৫৫ শতাংশ বৈধ ভোট পায়। ইরফান আলী মুসলিম পরিচয় গায়ানার বহুধর্মীয় সমাজে

বিশেষ তাৎপর্য বহন করে। তবে তাঁর রাজনৈতিক গ্রহণযোগ্যতার মূল ভিত্তি শুধু ধর্মীয় পরিচয় নয়; অর্থনৈতিক উন্নয়ন, অবকাঠামো, সামাজিক কর্মসূচি এবং বিভিন্ন সম্প্রদায়কে সঙ্গে নিয়ে চলার রাজনৈতিক অবস্থানও গুরুত্বপূর্ণ। গায়ানার ২০১২ সালের সরকারি আদমশুমারিতে মুসলিম জনগোষ্ঠী মোট জনসংখ্যার আনুমানিক ৭ শতাংশের কাছাকাছি ছিল। ২০২২ সালের আদমশুমারিতে দেশটির মোট জনসংখ্যা দাঁড়িয়েছে ৮,৭৮,৬৭৪ জন। গায়ানার সবচেয়ে বড় সম্পদ এখন সমুদ্রের তেল। বিশেষ করে Stabroek Block-এ বিপুল তেলসম্পদ আবিষ্কারের পর দেশটির অর্থনীতি দ্রুত পরিবর্তিত হয়েছে। তেল উৎপাদন বাড়ার সঙ্গে সঙ্গে সরকারি রাজস্বও দ্রুত বৃদ্ধি পাচ্ছে। সাম্প্রতিক এক গুরুত্বপূর্ণ পরিবর্তন হলো—২০২৬ সালের আগস্টে প্রেসিডেন্ট ইরফান আলী জানান, রফনহুজবুল ইয়াকশপ থেকে গায়ানা এখন উৎপাদিত অপরিিশোধিত তেলের প্রায় ৩৯.৮ শতাংশের অধিকারী। বিনিয়োগের খরচ দ্রুত উঠে আসার পর এই অংশীদারিত্ব উল্লেখযোগ্যভাবে বেড়েছে। তেলের এই আদ্র দিয়ে সরকারি রাস্তা, সেতু, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য, আবাসন ও অন্যান্য অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ করছে। ফলে গায়ানার অর্থনৈতিক প্রবৃদ্ধি সাম্প্রতিক বছরগুলোতে অসাধারণ দ্রুত হয়েছে। গায়ানার অর্থনৈতিক শক্তি শুধু তেলের ওপর নির্ভরশীল নয়। দেশটির রয়েছে— সোনা: দীর্ঘদিন ধরে গায়ানার গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ। বক্সাইট: অ্যালুমিনিয়াম শিল্পের গুরুত্বপূর্ণ কাঁচামাল এবং গায়ানার ঐতিহ্যবাহী খনিজ সম্পদ। হীরা ও অন্যান্য খনিজ: দেশটিতে হীরা ও বিভিন্ন খনিজের মজুত রয়েছে। প্রাকৃতিক গ্যাস: সমুদ্রের তেলসম্পদের পাশাপাশি উল্লেখযোগ্য গ্যাসসম্পদও রয়েছে। সরকারি গ্যাসভিত্তিক বিদ্যুৎ ও শিল্প স্থাপনের সম্ভাবনা নিয়ে কাজ করছে। বনসম্পদ: গায়ানার বিশাল অংশ ঘন বনাঞ্চলে আচ্ছাদিত। জীববৈচিত্র্যের দিক থেকেও দেশটি অত্যন্ত সমৃদ্ধ। কৃষি: ধান ও চিনি গায়ানার ঐতিহ্যবাহী অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ। প্রেসিডেন্ট আলীর দ্বিতীয় মেয়াদের উন্নয়ন ভাবনায় কৃষি ও খাদ্য উৎপাদনও গুরুত্বপূর্ণ স্থান পেয়েছে। তেলের টাকা জনগণের জীবনে কতটা পরিবর্তন আনবে? এটাই এখন গায়ানার সবচেয়ে বড় প্রশ্ন। বিপুল তেলসম্পদ যেমন দেশের জন্য বিরাট সুযোগ তৈরি করেছে, তেমনি তৈরি করেছে ভড় চ্যালেঞ্জ। তেলের ওপর অতিরিক্ত নির্ভরশীলতা যাতে ভবিষ্যতে অর্থনীতির জন্য ঝুঁকি না হয়ে ওঠে, সেজন্য সরকার কৃষি, উৎপাদন, পর্যটন, নির্মাণ, শিক্ষা ও মানসম্পদ উন্নয়নে বিনিয়োগের ওপর গুরুত্ব দিচ্ছে। বিশেষজ্ঞদের মতে, তেল থেকে অর্জিত অর্থ যদি সুশাসন, শিক্ষা, স্বাস্থ্য, অবকাঠামো এবং উৎপাদনকে তেজসে সঠিকভাবে বিনিয়োগ করা যায়, তাহলে গায়ানা দীর্ঘমেয়াদে একটি শক্তিশালী অর্থনীতিতে পরিণত হতে পারে। অন্যদিকে দম্নীতি, বৈষম্য, অতিরিক্ত তেলনির্ভরতা ও পরিবেশগত ঝুঁকি নিয়ন্ত্রণে ব্যর্থ হলে এই সম্পদে ভবিষ্যতে সমস্যার কারণ হতে পারে। গায়ানার বিশেষত্ব এখানেই—তৈশোলিকভাবে ছোট ও জনসংখ্যায় কম হলেও প্রাকৃতিক সম্পদের দিক থেকে দেশটি অত্যন্ত সমৃদ্ধ। ২০২২ সালের সরকারি আদমশুমারিতে দেশটির জনসংখ্যা ৮ লাখ ৭৮ হাজার ৬৭৪ জন। একজন মুসলিম রাষ্ট্রপতির নেতৃত্বে বহুধর্মীয় এই দেশ এখন তেল, গ্যাস, সোনা, বক্সাইট, বন ও কৃষিসম্পদকে কাজে লাগিয়ে দ্রুত উন্নয়নের

মধ্যপ্রাচ্যে সরবরাহ ঝুঁকিতে বাড়ল তেলের দাম

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যে সংঘাত দীর্ঘায়িত হওয়ার আশঙ্কায় বিশ্ববাজারে তেলের দাম বেড়েছে। ইরান নতুন করে যুক্তরাষ্ট্রের হামলার জবাব দেওয়ার ইশিয়ারি দেওয়ার পর তেল সরবরাহে বিশ্বের আশঙ্কা আরও বেড়েছে। মঙ্গলবার আন্তর্জাতিক বাজারে ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ বুধবার ৯ ০৯ সেপ্টেম্বর ২০২৬ ৯ ২৬ ভাদ্র ১৪৩৩

সৌদি-হুথি তীব্র সংঘাত, ইয়েমেনে ফের বড় যুদ্ধের শঙ্কা?

কীর্তনখোলা ডেস্ক
ইয়েমেনে হুথি বিদ্রোহীদের সঙ্গে সৌদি আরব-সমর্থিত বাহিনীর সংঘাত নতুন করে তীব্র হয়েছে। সৌদি আরবের দক্ষিণাঞ্চলের কয়েকটি শহর ও জ্বালানি অবকাঠামোয় হুথিরা হামলা চালিয়েছে বলে জানিয়েছে রিয়াদ। সৌদি কর্তৃপক্ষের ৩ এর পাতায় দেখুন



নদী-কৃষিজমি কেটে চুল্লি নির্মাণ কালো ধোঁয়ায় বিপর্যস্ত মানুষ

মাদিন উদ্দিন জিপ্সু, বাউফল পটুয়াখালীর বাউফলের বগা ইউনিয়নের চারুয়া সড়কের পাশে নদী ও কৃষিজমির মাটি কেটে তৈরি করা হয়েছে বিশাল বিশাল স্থপ। কোথাও মাটি কেটে নিচু করা হয়েছে জমি, কোথাও সেই মাটি স্থপ করে তৈরি করা হয়েছে পাছাড়ের মতো উঁচু ঢিবি। কাটা

হয়েছে গাছপালাও। এর পাশেই বসানো হয়েছে তিনটি চুল্লি। স্থানীয়দের অভিযোগ, এসব চুল্লিতে পাথর পোড়ানো হচ্ছে কাঠ জ্বালিয়ে। চুল্লি জ্বললেই বের হচ্ছে ঘন কালো ধোঁয়া। সেই ধোঁয়া ছড়িয়ে পড়ছে আশপাশের বসতবাড়ি, সড়ক ও শিক্ষাপ্রতিষ্ঠানে। সরেজমিনে



স্কুলছাত্রীকে 'ভুয়া বিয়ে' করে ধর্ষণ, যুবকের বিরুদ্ধে মামলা

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে নিজেই সেনাবাহিনী ও র‍্যাবের ভুয়া কর্মকর্তা পরিচয়ে এক স্কুলছাত্রীকে (১৫) প্রেমের ফাঁদে ফেলে 'ভুয়া বিয়ে' করে ধর্ষণের অভিযোগ উঠেছে পারভেজ ব্যাপারী (২২) নামের এক যুবকের বিরুদ্ধে। এ ঘটনায় ওই যুবককে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে বাগেরহাটের মোংলা পৌর শহরের একটি এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত পারভেজ খুলনা শহরের বয়রা এলাকায়

দুই বছরেও কমিটি নেই চরফ্যাশন উপজেলা বিএনপির

চরফ্যাশন প্রতিনিধি
দেশের অন্যতম বৃহত্তর ও বর্তমান ক্ষমতাসীন বিএনপির (মুদলদ) দুই বছর কমিটি নেই জেলার চরফ্যাশন উপজেলায় ও পৌরসভায়। যার ফলে উপজেলায় দলীয় কার্যক্রম পালনে স্থবির হয়ে পড়েছে। কে বড় নেতা, কে ছোট নেতা এ নিয়ে চলছে প্রদর্শনের মহড়া। পাশাপাশি সহযোগী সংগঠন যুবদল, বৃহৎসেবক ও ছাত্রদল আকারে কমিটি দিয়ে চলছে ৪/৫ বছর। খোঁজ নিয়ে জানা গেছে, জেলার চরফ্যাশন উপজেলা বিএনপির মূল দলের কমিটি ২০২৪ সালের পহেলা সেপ্টেম্বর এক নোটিশের মাধ্যমে বিলুপ্ত ২ এর পাতায় দেখুন

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫৪২২, ০১৭১১৮৮৭৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল। ০১৭১৩-৯৫০৯৪১ ০১৭১৩-১৬৯৮২৮

১২ দিন বিদ্যুৎহীন সাত পরিবার ইউএনওর হস্তক্ষেপে সংযোগ পুনঃস্থাপন

ভাঙ্গারিয়া প্রতিনিধি
পূর্বশক্তার জেরে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়ার ১২ দিন পর বিদ্যুৎ ফিরে পেয়েছে পিরোজপুরের ভাঙ্গারিয়ার সাতটি অসহায় পরিবার। সোমবার (৭ সেপ্টেম্বর) উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী

ম্যাজিস্ট্রেট মো. হাসিবুল হাসানের দ্রুত হস্তক্ষেপে রাতে অসহায় আদালত পরিচালনার পর সংযোগগুলো পুনঃস্থাপন করা হয়। এ ঘটনায় বিদ্যুৎ আইন, ২০১৮-এর ৩৯/২ ধারায় প্রধান অভিযুক্ত ফজলুল হক সেপাইকে ৩০ হাজার টাকা জরিমানা করা

নদীতে বিলীননের পথে ৩৩ হাজার ভোল্টের বৈদ্যুতিক টাওয়ার



নদীতে বিলীন হলে পাঁচ ইউনিয়নের লক্ষাধিক বাসিন্দা দুর্ভোগে পড়বেন। সেরেজমিন দেখা গেছে, ভাঙ্গন কবলিত নদী ও বৈদ্যুতিক টাওয়ারটির মাঝে মাত্র ৩০-৪০ গজ দূরত্ব রয়েছে। এ ছাড়া এখানে শুভ ও কাজী ব্রিকস নামের দুটি



ঈদ-ই মিলাদুন্নবী সা. উপলক্ষে বিএম কলেজে ইসলামী সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

আজিজুল হাকিম সানি, বিএম কলেজ
পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (স.) উদযাপন ২০২৬ উপলক্ষে সরকারি প্রজামোদন (বিএম) কলেজে অনুষ্ঠিত হয়েছে ইসলামী সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা। কলেজ প্রশাসনের উদ্যোগে দুই দিনব্যাপী এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। সোমবার (৭ সেপ্টেম্বর) ও মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) কেন্দ্রীয় লাইব্রেরি ভবনের দ্বিতীয় তলায় শিক্ষক সম্মেলন কর্কে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রথম দিন ৭ সেপ্টেম্বর একাদশ, দ্বাদশ ও ডিগ্রি (পাস) শ্রেণির শিক্ষার্থীদের এবং দ্বিতীয় দিন ৮ সেপ্টেম্বর অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ৩ এর পাতায় দেখুন



মাইনুদ্দিন হত্যা মামলার প্রধান আসামি গ্রেফতার

বোরহানউদ্দিন প্রতিনিধি
বোরহানউদ্দিন চাঞ্চল্যকর মাইনুদ্দিন হত্যা মামলার প্রধান আসামি মো. হেলালকে (৩০) চট্টগ্রাম থেকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতার হেলাল উপজেলার দেউলা ইউনিয়নের ছোটপাড়া গ্রামের ফয়জুল্লাহর ছেলে। মঙ্গলবার (০৮ সেপ্টেম্বর) দুপুরে বোরহানউদ্দিন থানা পুলিশ এ গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন। পুলিশ জানায়, গত ২৮শে উপজেলার দেউলা ইউনিয়নের মো. মাইনুদ্দিনকে (৩৫) কুপিয়ে হত্যার ঘটনায় তার বাবা নেছারউল্লাহ বাদী ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.পি.পি.এস. ফেলো ডিগ্রি, এইচ.ও (অস্ট্রেলিয়া) অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস) শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টারো: ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
বর্ধিত রোগ, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪০৮, ০১৭১১-২৪০৯৬৬
০১৭১৪-০৬৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



বাকেরগঞ্জ একতা গ্রামীণ সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে চোখের ফ্রি চিকিৎসা ও ছানি রোগী বাছাই ক্যাম্প-কীর্তনখোলা

ভাঙ্গারিয়া দৃষ্টি কল্যাণ সংস্থার কর্মকর্তা কবিরের ইত্তেকাল

ভাঙ্গারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাঙ্গারিয়ায় অসহায়দের সামাজিক উন্নয়ন মূলক সংগঠন দৃষ্টি কল্যাণ সংস্থার উপ-প্রশাসনিক কর্মকর্তা মো.হাসানুল কবির হাওলাদার (৪৮) গতকাল মঙ্গলবার সকাল আনুমানিক ১১টার দিকে ভাঙ্গারিয়া বাজারের সুপারপাউ বসে হঠাৎ অসুস্থ হয়ে পরলে স্থানীয়রা তাকে উপজেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মৃত্যু কালে সে জী, ১৮বেলে, ১মেরে, আত্মীয়স্বজনসহ অনেক গুন গ্রাহি রেখে গেছেন। এদিকে তার মৃত্যুতে ৩ এর পাতায় দেখুন



মুলাদীতে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে পদোন্নতির অভিযোগে মামলা

কলেজের অধ্যক্ষ-সভাপতিকে শোকজ
মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদীতে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির সুপারিশ করার অভিযোগে সফিপুরের হাজী সৈয়দ বদরুল হোসেন কলেজের অধ্যক্ষ, গভর্নিং বডি'র সভাপতিসহ সংশ্লিষ্ট ২০ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। মামলাটি আমলে নিয়ে কলেজের অধ্যক্ষ আ স ম সাহাদাত হোসাইন ও গভর্নিং বডি'র সভাপতি মো. বশির আহমেদকে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দিয়েছেন আদালত। বরিশালের মুলাদী সিনিয়ল জজ আদালতে মামলাটির ওমানি শেষে এ নোটিশ দেওয়া হয় বলে জানিয়েছেন বাদীপক্ষের আইনজীবী এইচ এম আশরাফুল আলম। আদালতের সিনিয়ল জজ মো. ওমর ফারুক বিবাদীদের নির্ধারিত সময়ের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন। এর আগে গত ৩০ আগস্ট আদালতে মামলাটি করেন হাজী সৈয়দ বদরুল হোসেন কলেজের বাংলা বিভাগের প্রভাষক খান শ্রেম পাঠান শাহ। মামলায় কলেজের অধ্যক্ষ ৩ এর পাতায় দেখুন



অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যের বাড়িতে অস্ত্রের মুখে ডাকাতি

বাগুঞ্জ প্রতিনিধি
বরিশালের বাগুঞ্জের মধ্য রাকুদিয়া গ্রামে অস্ত্রের মুখে অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যের বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। এ সময় নগদ টাকা, স্বর্ণালংকারসহ প্রায় ৫ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে যায় ডাকাতিরা। সোমবার (৭ সেপ্টেম্বর) গভীর রাতে এ ঘটনা ঘটে। অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য সিদ্দিক শরীফ জানান, রাত আনুমানিক ২টার দিকে সাত থেকে আট জনের একটি সশস্ত্র ডাকাতি দল তার দরজা ভেঙে বাড়িতে প্রবেশ করে। এর আগে তারা বাড়িতে থাকা সিনি ক্যামেরাগুলো উল্টে দেয়। এ সময় অস্ত্রের মুখে পরিবারের সদস্যদের জিম্মি করে ভয়ভীতি দেখায়। এক পর্যায়ে তার পরে সিহাদের বুকে পিস্তল ঠেকিয়ে তাকে ও পরিবারের অন্য সদস্যদের জিম্মি করে রাখে ডাকাতিরা। পরে বাড়িতে থাকা নগদ টাকা, স্বর্ণালংকারসহ মূল্যবান মালামাল লুট করে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। সিদ্দিক শরীফ বলেন, ডাকাতিদের হাতে পিস্তলসহ বিভিন্ন ধরনের দেশি অস্ত্র ছিল। আকস্মিকভাবে দরজা ভেঙে ঘরে ঢুকে পরিবারের সদস্যদের জিম্মি করায় সবাই আতঙ্কিত হয়ে পড়েন। ডাকাতিরা চলে যাওয়ার পর বিষয়টি স্থানীয়দের জানানো হয়। ৩ এর পাতায় দেখুন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com